

যুগান্তর

ঢাবির ৫১ তম সমাবর্তন ৬ অক্টোবর

প্রকাশ : ০৯ মে ২০১৮, ১৪:৪২ | অনলাইন সংস্করণ

👤 যুগান্তর রিপোর্ট



ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৫১তম সমাবর্তন অনুষ্ঠিত হবে আগামী ৬ অক্টোবর।

বুধবার বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে ৫১তম সমাবর্তনের অনুষ্ঠিত এক প্রস্তুতি সভায় এ তথ্য জানানো হয়।

সভায় ঢাবির উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান সভাপতিত্ব করেন। এতে উপস্থিত ছিলেন ঢাবির সিনেট-সিন্ডিকেট সদস্য, ডিন, প্রভোস্ট, বিভাগীয় চেয়ারম্যান, ইনস্টিটিউটের পরিচালক, শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. এএসএম মাকসুদ কামাল ও সাধারণ সম্পাদক শিবলী রুবাইয়াতুল ইসলামসহ কার্যালয় প্রধানরা।

উপাচার্য অধ্যাপক আখতারুজ্জামান ৫১তম সমাবর্তন বর্ণাঢ্যভাবে আয়োজনে নিজ নিজ দায়িত্ব যথাযথভাবে পালন করার জন্য সংশ্লিষ্ট সবার প্রতি আহ্বান জানান।

সমাবর্তন অনুষ্ঠান সুষ্ঠুভাবে সম্পন্ন করার উপলক্ষে সভায় একটি নির্বাহী, একটি ব্যবস্থাপনা ও ২৬টি উপকমিটি গঠন করা হয়।

এর আগে ৩০ এপ্রিল সিন্ডিকেট সভার সিদ্ধান্ত অনুযায়ী ৫১তম সমাবর্তনে বক্তা হিসেবে লাইব্রেরিয়ার নোবেল শান্তি পুরস্কারপ্রাপ্ত মিজ লেমাহ গবায়ৈকে আমন্ত্রণ জানানোর প্রস্তাব করা হয়। অনুষ্ঠানে তাকে ডক্টর অব লজ ডিগ্রি দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৮ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।